## 300472 - কোন মেয়ের উপর তার ভাইয়ের আনুগত্য করা কি ওয়াজিব; বিশেষতঃ সে যদি ছোট ভাই হয়?

### প্রশ্ন

আমার চেয়ে পাঁচ বছরের ছোট ভাই যখন আমাকে চা বা কফি বানাতে বলে তার কথা শুনা কি ওয়াজিব? অথচ সে আমার কথা শুনে না; যখন আমাকে হাসপাতালে নিয়ে যেতে বলি কিংবা অন্য কোন স্থানে নিয়ে যেতে বলি। আমার মা বলেন: তাকে সম্মান করা আবশ্যক; যেহেতু সে পুরুষ আর আমি মহিলা। বরঞ্চ বিপরীতটি কি সঠিক নয়? যেহেতু আমি তার চেয়ে পাঁচ বছরের বড়।

### প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

ভাইদের ও বোনদের মাঝের সম্পর্ক স্নেহ-প্রীতি, ছোটরা বড়দেরকে সম্মান করা, বড়রা ছোটদেরকে স্নেহ করার উপর প্রতিষ্ঠিত। যেমনটি ইমাম তিরমিযি (১৯১৯) আনাস (রাঃ) থেকে বর্ণনা করেছেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "যে ব্যক্তি আমাদের ছোটদেরকে স্নেহ করে না এবং বড়দেরকে সম্মান করে না সে আমাদের দলভুক্ত নয়।"[আলবানী হাদিসটিকে 'সহিহুত তিরমিযি' গ্রন্থে সহিহ বলেছেন]

মুনাওয়ি বলেন:

"বড়কে তার প্রাপ্য অধিকার সম্মান ও মর্যাদা দিতে হবে।"[ফায়যুল কাদির (৫/৩৮৮) থেকে সমাপ্ত]

পক্ষান্তরে, নারীর উপর আনুগত্য করা ওয়াজিব হল: পিতামাতার ও স্বামীর— শরিয়তে সুবিদিত নীতিমালা ও শর্তসমূহ সাপেক্ষে।

আরও জানতে দেখুন: 43123 নং ও 269847 নং প্রশ্নোত্তর।

পক্ষান্তরে, ভাই বড় হোক কিংবা ছোট হোক বোনের উপর তার আনুগত্য পাওয়ার কোন অধিকার নেই; যতক্ষণ সে বোন পিতার কর্তৃত্বাধীনে রয়েছে এবং সে ভাই তার আইনানুগ অভিভাবক না হয়।

কেবলমাত্র বিয়ের অভিভাবকত্ব ও এর সাথে সংশ্লিষ্ট বিধি-বিধানের ক্ষেত্রে ভাইয়ের চেয়ে অগ্রাধিকার প্রাপ্য অভিভাবক না থাকলে সে ক্ষেত্রে বোনের উপর তার কর্তৃত্বের অধিকার রয়েছে। প্রশ্নে যে দায়িত্বের কথা উল্লেখ করা হয়েছে এটি সেটোর সাথে সম্পৃক্ত। সে দায়িত্বের দাবী হচ্ছে ভাই বোনের প্রতি যত্নশীল হবে, বোনের আবশ্যকীয় খরচ বহন করবে যদি

বোনেরে খরচ করার মত সম্পদ না থাকে, বোনেরে জরুরী চকিৎিসার খরচ বহন করবে যদি সেটো তার সাধ্যে থাকে, বোনেকে হাসপাতালে নয়িে যাবে কংিবা অন্য যে স্থানে তার যাওয়ার প্রয়োজন হলে তাকে সেখোনে নয়িে যাবে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলনে: “তোমোদরে সকলে দায়ত্বিশীল। সকলকে তার অধীনস্থদরে ব্যাপারে জজ্ঞিাসাবাদ করা হবে”।[সহহি বুখারী (৮৯৩) ও সহহি মুসলমি (১৮২৯)]

খুব সম্ভব নারীর একজন দায়ত্বিশীল পুরুষরে তীব্র প্রয়োজন ও তার নজিরে কাজ নজিে আঞ্জাম দয়োর দুর্বলতা ববিচেনা করে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নারীদরে ব্যাপারে সবশিষে ওসয়িত করে গছেনে: “তোমেরা নারীদরে ব্যাপারে আমার ভাল ওসয়িত গ্রহণ কর।”[সহহি বুখারী (৩৩৩১) ও সহহি মুসলমি (১৪৬৭); হাদসিটরি ভাষ্য মুসলমিরে এবং এ অর্থবোধেক অনকে মশহুর হাদসি রয়ছে]

পক্ষান্তরে, জীবন ধারণরে নানা বষিয়ে আপনার ভাইয়রে আনুগত্য করা এটি সু-আচরণ ও আত্মীয়রে বন্ধন রক্ষার অন্তর্ভুক্ত; আল্লাহ্ আমাদরেকে যা রক্ষা করার নর্িদশে দয়িছেনে। এটি সম্ভবপর নয় যে, সম্ভ্রান্ত পরবিার ও ঘরগুলোরে সম্পর্কগুলো কবেল আবশ্যকীয় দায়ত্বি, অধকিার, আইন, বচিার- এ সবরে ভত্তিতিে পরচিালতি হবে। কক্ষনো নয়; এ সবরে ওপর ভত্তি করে পারবিারকি জীবন সুন্দরভাবে চলতে পারে না। বরঞ্চ হৃদ্যতা, সম্প্রীত,ি সৌহার্দ্য, উত্তম আচরণ, সু-ব্যবহার ইত্যাদি পরবিারে বরিাজ করা বাঞ্চনীয়। কোনে মানুষ এ ক্ষত্রেে যত বশেি সম্পর্করক্ষাকারী হবে সে আল্লাহ্র কাছে ততবশেি সওয়াব ও মর্যাদার অধকিারী হবে।

আরও বশেি দখেুন: 12292 নং ও 72834 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।